পিতামাতা/অভিভাবকদের জন্য প্রশ্ন এবং উত্তর

NYC KIDS RISE | Save for College Program

nyckidsrise.org

1. NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম কী?

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম আপনার শিশুর ভবিষ্যতকে সুরক্ষিত করার জন্য আপনাকে, আপনার পরিবারকে এবং আপনার কমিউনিটিকে একসঙ্গে কাজ করার একটি উপায় প্রদান করে। এটি একটি স্কলারশীপ এবং সেভিংস প্রোগ্রাম যা আপনার সন্তানের জন্য কলেজ প্রবেশের পথটিকে আরো সুগম ও সম্ভবযোগ্য করে তোলার জন্য তৈরি করা হয়েছে। ডিস্ট্রিক্ট 30 এর কিন্ডারগার্টেনে পড়ছে এমন সকলের জন্যই এই প্রোগ্রাম উন্মুক্ত - পরিবারের আয় ও অভিবাসনগত অবস্থ নির্বিশেষে এতে অংশ নেয়া যাবে।

প্রতিটি যোগ্য শিক্ষার্থীকে অগ্রিম স্কলারশীপ এবং পরিবারদের তাদের নিজেদের কলেজ সেভিংস পরিকল্পনা তৈরি করার জন্য সরঞ্জাম ও তথ্য প্রদান করার মাধ্যমে সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিবারগুলিকে তাদের শিশুর ভবিষ্যত ভিত্তি নির্মাণে ক্ষমতায়ন করছে। এছাড়াও সেভ ফর কলেজ প্রোগ্রাম আমাদের শিশুদের তাদের কলেজ স্বপ্ন বাস্তবায়নে সমগ্র কমিউনিটিকে সম্পৃক্ত করবে।

2. কীভাবে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের স্কলারশীপ অংশটি কাজ করে?

NYC Kids RISE নিজে থেকেই আপনার কিন্ডারগার্টেনে পঠনরত শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্টে 100 ডলার জমা করবে, আপনি অংশগ্রহণ না করলে অর্থ জমা করা হবে না। জানুয়ারি থেকে শুরু করে, আপনার শিশুর স্কলারশীপ অ্যাকাউন্টের জন্য অতিরিক্ত ফান্ড পাওয়ার সুযোগগুলি শেয়ার করব। কমিউনিটি সংগঠন ও ব্যবসাসমূহসহ কমিউনিটির অন্যান্য সদস্যরাও আপনার শিশুকে তার কলেজ লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করার জন্য স্কলারশীপ অ্যাকাউন্টে অর্থ সাহায্য করতে পারবেন।

স্কলারশীপের ফান্ড NY 529 ডিরেক্ট প্ল্যানে বিনিয়োগ করা হবে, যা এক ধরনের অ্যাকাউন্ট যেটিকে স্কুলের জন্য সঞ্চয় করতে পরিবারের সহায়তায় বিশেষভাবে তৈরি করা হয়েছে। সময়ে সময়ে স্কলারশীপ অ্যাকাউন্টে অর্থ বাড়ে ও কমে, যা নির্ভর করে আর্থিক বাজার এবং বিনিয়োগ কেমন কাজ করছে তার উপর। এর মানে হল এই যে, শিশু যখন কলেজ যাবে তখন শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্টে উপলব্ধ অর্থের পরিমাণ সেই অ্যাকাউন্টে জমা করা প্রকৃত অর্থের থেকে বেশি বা কম হতে পারে।

3. কীভাবে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের সঞ্চয়ের অংশ কাজ করে?

ডিস্ট্রিক্ট 30 এর কিন্ডারগার্টেনে পঠনরত শিশুদের পিতামাতা এবং অভিভাবকরা তাদের শিশুর স্কলারশীপ অ্যাকাউন্টে বিনিয়োগকৃত অর্থ বৃদ্ধি করার লক্ষ্যে তারা নিজেরা কলেজ সেভিংস অ্যাকাউন্ট খোলার সুযোগও পাবে। পিতামাতা, অভিভাবক, আত্মীয় এবং বন্ধুরা এই অ্যাকাউন্টে সরাসরি অর্থ দান করতে পারেন এবং তাদের সন্তানের NYC স্কলারশীপ অ্যাকাউন্টের সেভিংস ব্যালেন্স দেখার পাশাপাশি তাদের সেভিংস অ্যাকাউন্ট ব্যালেন্সও ট্র্যাক করতে পারেন। আপনার সন্তান তার স্কলারশীপ অ্যাকাউন্ট পাবার পর, NYC Kids RISE আপনার ও আপনার পরিবারের জন্য সঠিক কলেজ সেভিংস প্ল্যান কীভাবে তৈরি করতে হয় সেসম্পর্কে আরো তথ্য প্রদান করবে।

4. কেন NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম তৈরি করা হয়েছে?

কলেজের জন্য সঞ্চয় করা কঠিন হতে পারে। অনেক পিতামাতার জন্য তাদের সন্তানদের কলেজে পড়তে পাঠানো কষ্টসাধ্য হতে পারে। গবেষণায় দেখা গেছে যে, যে সমস্ত শিশুরা কলেজে যায় তারা চিরজীবনই উল্লেখযোগ্যভাবে বেশি বেতন পায়। এছাড়াও গবেষণায় দেখাগেছে 1 থেকে 500 ডলারের ক্ষুদ্র সেভিংস অ্যাকাউন্ট থাকা শিশুদের তিনগুণ কলেজে ভর্তি হওয়ার সম্ভাবনা থাকে এবং চারগুণ বেশির গ্র্যাজুয়েট হওয়ার সম্ভাবনা থাকে।

NYC Kids RISE, নিউইয়র্ক সিটি ও ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অংশীদারিত্বে পরিবারবর্গকে তাদের শিশুদের স্কুলের প্রথম দিন থেকেই কলেজ পড়ানোর সঞ্চয় ও পরিকল্পনা শুরু করার জন্য ক্ষমতা প্রদান করতে সেভ ফর কলেজ প্রোগ্রাম শুরু করেছিল।

5. সেভ ফর কলেজ প্রোগ্রামে কারা অংশ নেয়ার জন্য যোগ্য?

এই প্রারম্ভিক পর্যায়ে, কুইন্সের ডিস্ট্রিক্ট 30 এর পাবলিক স্কুলে পড়ে এমন সমস্ত কিন্ডারগার্টেন শিক্ষার্থী অংশগ্রহণ

করতে পারে। সেভ ফর কলেজ প্রোগ্রামের "অপ্ট-আউট ওয়েভস" শুরু থেকে শেষ হওয়া পর্যন্ত ডিস্ট্রিক্ট 30 এর কোন একটি পাবলিক স্কুলে পড়ে এমন সমস্ত কিন্ডারগার্টেনার প্রোগ্রামে নিজে থেকেই নথিভুক্ত হয়ে যাবে, যদি না তাদের পরিবার অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়ে থাকে।

6. কোন্ কোন্ স্কুল অংশ নিচ্ছে?

ক্যুইন্সের ডিস্ট্রিক্ট 30 এর সমস্ত পাবলিক স্কুল NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের প্রথম বছরে অংশ নিচ্ছে।

7. আমি কীভাবে অংশগ্রহণ করব?

আপনার শিশুর ভবিষ্যতে বিনিয়োগ শুরু করা সহজ। NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামে অংশগ্রহণ করা শুরু করার তিনটি সহজ উপায় আছে:

- 2017 এর হেমন্তে, ক্যুইন্সের ডিস্ট্রিট 30 এর পাবলিক স্কুলে পাঠরত প্রতিটি কিন্ডারগার্টেনারকে স্বয়ংক্রিয়ভাবে 100 ডলারসহ একটি NYC স্কলারশীপ অ্যাকাউন্ট দেয়া হবে, যদি না তাদের পরিবার অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়ে থাকে।
- জানুয়ারি থেকে, NYC Kids RISE ওয়েবসাইটে যান এবং আপনার শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্ট দেখতে ও মাঝে মাঝে আপনার ব্যালেন্স চেক করতে সাইন আপ করুন। যখন আপনি আপনার স্কলারশীপ অ্যাকাউন্ট দেখতে সাইন আপ করেন, NYC Kids RISE অ্যাকাউন্টে বাড়তি অর্থ জমা দেবে।
- এছাড়াও জানুয়ারি থেকে, কলেজ সেভিংস বিকল্প এবং আপনার ও আপনার পরিবারের জন্য সঠিক কলেজ সেভিংস প্ল্যান কীভাবে তৈরি করবেন সেসম্পর্কে আরো তথ্যের জন্য কর্মশালায় যোগ দিন বা nyckidsrise.org দেখুন।

8. আমি যদি অংশগ্রহণ করতে না চাই তাহলে কী হবে?

যোগ্য কিন্ডারগার্টেনারদের পিতামাতা/অভিভাবক তাদের সন্তানের স্কুলকে সেভ ফর কলেজ প্রোগ্রামে নাম নথিভুক্ত না করানোর বিষয়ে জানানোর সুযোগ পাবেন। অক্টোবরের মাঝামাঝি, আপনার কিন্ডারগার্টেনার তার স্কুল থেকে নাম প্রত্যাহারের বিজ্ঞপ্তি পাবে। যদি আপনি না চান যে আপনার সন্তান 100 ডলারের NYC স্কলারশীপ অ্যাকাউন্ট বা ভবিষ্যতের ফান্ড পাক তাহলে আপনাকে অবশ্যই নাম প্রত্যাহারের বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করতে হবে এবং বিজ্ঞপ্তি পাওয়ার 30 দিনের মধ্যে আপনার সন্তানের স্কুলে ফেরত পাঠাতে হবে।

9. যদি আমি সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে নাম প্রত্যাহার না করি, সেক্ষেত্রে কী হবে?

নাম প্রত্যাহার না করার 30 দিন সময়সীমার পর, ডিপার্টমেন্ট অভ এডুকেশন NYC Kids RISE-এর কাছে যে সমস্ত কিন্ডরগার্টেনরের পিতামাতাগণ সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে অপ্ট-আউট করেননি তাদের সন্তানদের নাম ও প্রাথমিক তথ্য পাঠাবে। এই তথ্যের মধ্যে নিম্নলিখিত অন্তর্ভুক্ত: সন্তানের নাম, জন্মদিন, স্কুল, গ্রেড, বাসার ঠিকানা, ফোন নম্বর ও মাতৃভাষা; এবং পিতামাতা/অভিভাবকের নাম ও যোগাযোগের তথ্য (যদি তা DOE তে প্রদান করা হয়)। এই ড্যাটা NYC Kids RISE প্রতিটি অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য NYC স্কলারশীপ অ্যাকাউন্ট সেটআপ করার মঞ্জুরি দেবে এবং প্রতিটি অ্যাকাউন্টে 100 ডলার করে জমা করবে।

10. কীভাবে অভিবাসনগত অবস্থা আমার অংশগ্রহণকে প্রভাবিত করবে?

ডিস্ট্রিক্ট 30 এর প্রতিটি শিশু তার ও তার পরিবারের অভিবাসনগত অবস্থা নির্বিশেষে NYC স্কলারশীপ অ্যাকাউন্ট পাবে, যদি তার পিতামাতা/অভিভাবক অংশগ্রহণ না করার সম্মতি জানায়। জানুয়ারিতে, NYC Kids RISE যেসমস্ত পরিবার তাদের নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্ট খুলতে চায় এবং এর পাশাপাশি তাদের স্কলারশীপ অ্যাকাউন্ট সেভিংস শুরু করবে তাদেরকে বাড়তি তথ্য প্রদান করবে।

11. NYC স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ কিসের জন্য ব্যবহার করা হতে পারে? কীভাবে ব্যবহারে করা যাবে সে ব্যাপারে কোন বিধিনিষেধ আছে কি?

NYC স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ NY 529 ডিরেক্ট প্ল্যানে বিনিয়োগ হয় এবং কেবলমাত্র শিক্ষাক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে। এর অন্তর্ভুক্ত দুই বা চার বছরের কলেজ ও অন্য পেশাগত প্রশিক্ষণ প্রোগ্রাম। স্কলারশীপের ফান্ড

টিউশন, ফি, সরঞ্জাম, রুম ও থাকার খরচ ও পাঠ্যবইয়ের মতো জিনিস যেগুলি অন্য স্কলারশীপের আওতাভুক্ত নয় সেসবের জন্য ব্যবহার করা যাবে। এই অর্থ নিউইয়র্কের স্কুলসমূহ এবং দেশব্যাপী ব্যবহার করা যাবে, এর পাশাপাশি বিদেশের কিছু স্কুলেও এই অর্থ ব্যবহার করা যাবে।

NYC এর স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ কীভাবে ব্যবহার করা যাবে সেসম্পর্কে আরো তথ্যের জন্য nyckidsrise.org দেখুন।

12. NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম কে পরিচালনা করে?

NYC Kids RISE NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং নিউইয়র্ক সিটির অংশীদারিত্বে সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিচালনা করে। NYC Kids RISE কমিউনিটি হল একটি অলাভজনক সংস্থা যেটি পরিবার, স্কুল ও কমিউনিটিকে একসঙ্গে কাজ করার উপায় প্রদান করে শিশুদের শিক্ষার জন্য আর্থিক ও পক্ষপাতহীন সুযোগ প্রসারিত করে। পরিবারবর্গের তাদের শিশুদের ভবিষ্যতের জন্য যে স্বপ্ন রয়েছে তা গড়ে তোলা ও প্রত্যাশা পূরণ করার ক্ষেত্রে NYC Kids RISE-এর লক্ষ্য হল পরিবারবর্গ কোথা থেকে এসেছে ও ব্যাঙ্কে তাদের কী পরিমাণ অর্থ আছে তা নির্বিশেষে NYC পাবলিক স্কুল শিক্ষার্থীদের কলেজে পড়া ও সেখান থেকে গ্রাজুয়েট হওয়া আরও সাধনযোগ্য করে তোলা।

13. সেভ ফর কলেজ প্রোগ্রামের আরো তথ্য আমি কোথায় পাব?

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য আপনার সন্তানের স্কুল এবং অনলাইনে nyckidsrise.org এ উপলব্ধ।

আপনার শিশুর জন্য বিনিয়োগ করুন-কলেজে পড়ানোর জন্য সঞ্চয় করুন

কিভাবে তা এখানে দেখে নিন:

nyckidsrise.org

NYC KiDS RiSE

NYC Office of the Mayor | Department of Education

GRAY FOUNDATION

Citi Community Development সাহায্যে কিছু অংশ নেওয়া সম্ভব হয়েছে।